B.A./5th Sem/BNG/25(NEP)

# 2025

## 5th Semester Examination (CCFUP : NEP)

## BENGALI

MIDNAPORE CITY COLLEGE ESTD 2017 CENTRAL LIBRARY

### Paper : MJ 8-T (Single Core Major)

### (বিশ শতকের প্রবন্ধ/গদ্য সাহিত্য পাঠ)

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

### বিভাগ - ক

যে-কোনো ***পাঁচটি*** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

১। 'চরিতকথা' গ্রন্থের প্রকাশকাল লেখো। এই গ্রন্থে মোট কয়টি প্রবন্ধ সংকলিত হয়েছে? ১+১

২। মক্ষমূলরের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩। 'কৌতুক হাস্যের মাত্রা' প্রবন্ধে রবীন্দ্রনাথ কোন্ কোন্ স্তরের হাস্যের কথা বলেছেন?

৪। তোমাদের কোন্ পাঠ্যে 'পাঞ্চভৌতিক সভা'-র উল্লেখ রয়েছে? এর সদস্যদের নাম লেখো। ১+১

৫। 'জাত্যভাষা এক স্থানীয় ভাষা' প্রবন্ধে 'জাত্যভাষা' বলতে কী বোঝানো হয়েছে?

P.T.O.

MIDNAPORE CITY COLLEGE
ESTD 2017
CENTRAL LIBRARY



৬। 'অনেক রাত্রে বাড়ি ফিরে আসবার পরেও হানা দিতে থাকে সেই মুখ, সেই চোখ' — কোন্ পাঠ্যাংশ থেকে উদ্ধৃতিটি নেওয়া হয়েছে? এখানে কার কথা বলা হয়েছে? ১+১

৭। 'তাই তো, এই মহূর্তে, ক্লাসঘরের এই প্লাটফর্মে দাঁড়ানোর মুহূর্তে ছেলেমেয়েদের চোখে আমিই তো সেই হাতেমতাই' — কার, কখন এই উপলব্ধি হয়েছিল? সংক্ষেপে লেখো। ১+১

৮। 'লজ্জা' কবিতার সৃষ্টি কথাতে যে মেয়েটির কথা বলা হয়েছে তার নাম কী? এখানে কোন্ বিষয়টিকে কবি 'লজ্জাজনক' বলে অভিহিত করেছেন? ১+১

## বিভাগ - খ

যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

৯। 'তাহার বঙ্গদেশে আবির্ভাব একটা অদ্ভুত ঐতিহাসিক ঘটনার মধ্যে গণ্য হইবে' — উদ্ধৃতিটি ব্যাখ্যা করো।

১০। 'বলেন্দ্রনাথ ঠাকুর' প্রবন্ধ অবলম্বনে বলেন্দ্রনাথ ঠাকুরের রচনার বিশিষ্টতা সম্পর্কে আলোচনা করো।

১১। 'কৌতুকহাস্যের মাত্রা' প্রবন্ধে কৌতুকহাস্যের স্বরূপ সম্পর্কে যে আলোচনা করা হয়েছে তা সংক্ষেপে আলোচনা করো।

১২। অপবিজ্ঞান সম্পর্কে রাজশেখর বসুর অভিমত তাঁর 'অপবিজ্ঞান' প্রবন্ধ অবলম্বনে বুঝিয়ে লেখো।

১৩। 'যমুনাবতী' কবিতাটির প্রেক্ষাপটটি লেখো।

১৪। 'কবিতার মুহূর্ত' গ্রন্থের 'কলকাতা' শীর্ষক কবিতাটি রচনার প্রেক্ষিতটি লেখো।

Scanned with OKEN Scanner

MIDNAPORE CITY COLLEGE
ESTD 2017
CENTRAL LIBRARY



## বিভাগ - গ

যে-কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

১৫। 'চরিতকথা' গ্রন্থে রামেন্দ্রসুন্দর ত্রিবেদী বঙ্গীয় সমাজ ও সংস্কৃতিতে বঙ্কিমচন্দ্রের অবদান বিষয়ে যে ভাবনা ব্যক্ত করেছেন তোমাদের পাঠ্যাংশ অবলম্বনে সেটি আনুপূর্বিক আলোচনা করো।

১৬। 'অধ্যাপক মক্ষমূলর' প্রবন্ধ অবলম্বনে বাংলা তথা ভারতবর্ষীয় জীবনে মক্ষমূলরের অবদান আলোচনা করো।

১৭। 'বইপড়া' প্রবন্ধে প্রমথ চৌধুরী বইপড়ার স্বপক্ষে যে যুক্তি সমূহের অবতারণা করেছেন পাঠ্যাংশ অনুসরণে তা বিচার করো।

১৮। 'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধে উত্তরসাধকদের সংকট ও মুক্তির যে রূপরেখা প্রাবন্ধিক অঙ্কন করেছেন তার পরিচয় দাও।

১৯। 'কবিতার মুহূর্ত' গ্রন্থের 'বাবরের প্রার্থনা' কবিতাটি সৃষ্টির ক্ষেত্রে কবির ব্যক্তিজীবন ও তাঁর সমকালীন সামাজিক-রাষ্ট্রনৈতিক প্রতিবেশ কীভাবে কবিতাটিকে প্রভাবিত করেছে পাঠ্যাংশ অবলম্বনে তা বিশ্লেষণ করো।

---



Scanned with OKEN Scanner